দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 24 1999
পৃষ্ঠা ৫ কলাম ৫

15

## সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড মর্যাদায় দাবী বাস্তবায়নের আহ্বান

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির এক সভায় সহকারী শিক্ষকদের বহুদিনের দাবী প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদার চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও এখন পর্যন্ত দাবী বাস্তবায়িত না হওয়ায় উদ্বেগ প্রকাশ করা হইয়াছে। সভায় উক্ত দাবী অবিলম্বে বাস্তবায়নের জন্য উচ্চতর কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করা হয়। সম্প্রতি ধানমণ্ডি গভঃ বয়েজ স্কুলে সমিতির সভাপতি মোঃ মতিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ, মহানগরী কমিটির নেতৃবৃন্দ এবং ৯টি অঞ্চলের আঞ্চলিক কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। —প্রেস বিজ্ঞপ্তি